গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর-১৫.০০.০০০০.০৪১.০২.০০৩.২০.২০

তারিখ: ২৪ পৌষ ১৪৩২
০৮ জানুয়ারি ২০২৬

**সরকারি অনুদানে পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রস্তাব আহবান।**

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের সকল জনগোষ্ঠির আবহমান সংস্কৃতির প্রতিনিধিত্ব করার লক্ষ্যে মানবিক মূল্যবোধ সম্পন্ন, জীবনমুখী, শিল্পমান সমৃদ্ধ ও বহুস্বর বিবৃত করে এমন পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য ২০২৫-২৬ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের উদ্দেশ্যে কাহিনি এবং চিত্রনাট্য বাছাইয়ের জন্য প্রযোজক/পরিচালক/প্রযোজনা প্রতিষ্ঠান/চলচ্চিত্র ব্যক্তিত্বগণের নিকট থেকে পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব আহবান করা যাচ্ছে। প্রস্তাব জমাদানের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবে:

**শর্তাবলি:**

১. শুধু বাংলাদেশের নাগরিকগণ অনুদান প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন। অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশি শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয় তাহলে মন্ত্রণালয়ের অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী চলচ্চিত্রে অংশগ্রহণ করতে পারবেন।

২. অনুদানপ্রাপ্ত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের নির্মাণ অনুদানের প্রথম চেক প্রাপ্তির পর কাহিনিচিত্রের ক্ষেত্রে ১৮ (আঠারো) মাস এবং প্রামাণ্যচিত্রের ক্ষেত্রে ২৪ (চব্বিশ) মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের নির্মাণ অনুদানের প্রথম চেক প্রাপ্তির ১২ (বারো) মাসের মধ্যে সমাপ্ত করতে হবে।

৩. নির্মাণাধীন, সমাপ্ত বা মুক্তিপ্রাপ্ত কোনো চলচ্চিত্রের চিত্রনাট্য অনুদানের জন্য বিবেচিত হবে না।

৪. অনুদানে নির্মিত/নির্মিতব্য চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে অথবা চুক্তিনামার শর্ত ভঙ্গ করলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত হারে সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারপত্র মূলকপিসহ ১২ (বারো) সেট ফটোকপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। শর্ত ভঙ্গকারী সংশ্লিষ্ট প্রযোজকের বিরুদ্ধে প্রয়োজন মোতাবেক সরকার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৫. ২০২৫-২৬ অর্থবছরে প্রাপ্ত বরাদ্দের আলোকে সর্বোচ্চ ১২(বারো)টি পূর্ণদৈর্ঘ্য ও ২০(বিশ)টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রকে অনুদান প্রদান করা হবে। উপযুক্ত প্রস্তাব না পাওয়া গেলে অনুদান প্রদান বন্ধ অথবা অনুদানের সংখ্যা কমানো যাবে।

৬. অনুদান প্রাপ্তির জন্য নির্বাচিত এবং অনুমোদিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজককে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০২৫ এবং স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজককে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা-২০২৫ এর আওতায় অনুদান প্রদান করা হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুদান কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭. সরকারি অনুদান প্রদান সংক্রান্ত উল্লেখিত নীতিমালা দুটি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moi.gov.bd) পাওয়া যাবে। কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে মন্ত্রণালয়ের চলচ্চিত্র-২ শাখায় (ই-মেইল: film2@moi.gov.bd/ফোন: ৫৫১০০৪৬৩) যোগাযোগ করা যেতে পারে।

৮. পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান প্রাপ্তির লক্ষ্যে গল্প, চিত্রনাট্য ও চলচ্চিত্র নির্মাণের সার্বিক পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাবের সাথে স্ক্রীপ্ট/চিত্রনাট্যের একটি মূলকপিসহ ১২ (বারো) সেট ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদানের জন্য একটি মূলকপিসহ ১২ (বারো) সেট নির্ধারিত আবেদন ফরম (ক, খ ও গ) পূরণপূর্বক জমা দিতে হবে। আবেদন ফরম (ক, খ ও গ) হার্ডকপি ও সফ্‌টকপি আকারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moi.gov.bd) পাওয়া যাবে। উল্লেখ্য যে, স্ক্রীপ্ট/চিত্রনাট্যে কোন অবস্থাতেই প্রযোজক/পরিচালক/প্রযোজনা প্রতিষ্ঠান/চলচ্চিত্র ব্যক্তিত্ব/আবেদনকারীর নাম উল্লেখ করা যাবে না।

৯. আবেদন ফর্মের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রাদি দাখিল করতে হবে:

(ক) প্রস্তাবিত গল্প, চিত্রনাট্য ও প্রামাণ্যচিত্রটি শিশুতোষ/রাজনৈতিক ইতিহাস/আবহমান বাংলার সকল রাজনৈতিক অভ্যুত্থান, আন্দোলন ও বিপ্লব যা এই অঞ্চলের গুরুত্বপূর্ণ রাজনৈতিক পটপরিবর্তনের নিয়ামক সংক্রান্ত/সাংস্কৃতিক ইতিহাস তথা বাংলার ঐতিহ্য, মিথ ও ফোকলোর সংক্রান্ত কি-না তা আবেদনে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

(খ) দেশি গল্প/কাহিনির ক্ষেত্রে সংশ্লিষ্ট লেখক/সংস্থা/প্রকাশকের লিখিত সম্মতি/অনুমতি নিতে হবে। বিদেশি গল্প বা কাহিনির ক্ষেত্রে কপিরাইট আইনের আওতায় সংশ্লিষ্ট লেখক/সংস্থা/প্রকাশকের অনুমতি নিতে হবে এবং সংশ্লিষ্ট প্রমাণক দাখিল করতে হবে;

(গ) প্রযোজকের নাম (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী), জীবন-বৃত্তান্ত (পিতা-মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, ই-মেইল ও মোবাইল নম্বর) সুস্পষ্টভাবে অবশ্যই উল্লেখ করতে হবে। বর্তমান ঠিকানা পরিবর্তন হলে তা তাৎক্ষণিকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

(ঘ) কাহিনি ও চিত্রনাট্যকারের স্পষ্টাক্ষরে পূর্ণ নাম (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) এবং পরিচালকের স্পষ্টাক্ষরে পূর্ণ নাম (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী), স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট অভিজ্ঞতার বর্ণনা সংবলিত জীবন-বৃত্তান্ত, মোবাইল নম্বর, টেলিফোন নম্বর অবশ্যই প্রস্তাবের সঙ্গে দাখিল করতে হবে;

(ঙ) পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাবে চলচ্চিত্রের প্রস্তাবিত শিল্পী ও কলাকুশলীদের নাম, ঠিকানা, তাদের শিক্ষাগত যোগ্যতা ও সংশ্লিষ্ট অভিজ্ঞতার বর্ণনা, নির্মাণ সংস্থার কারিগরি, আর্থিক ও অবকাঠামোগত সক্ষমতার বিবরণ, আউটডোর শ্যুটিং স্পটের বিবরণ, পরিচালক কর্তৃক পূর্বে নির্মিত একটি চলচ্চিত্রের নমুনা (যদি থাকে) ও প্রস্তাবিত চলচ্চিত্রের যৌক্তিক বাজেট বিভাজনসহ নির্মাণ সমাপ্তির শেষ তারিখ উল্লেখ করে দাখিল করতে হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(চ) প্রস্তাবিত চলচ্চিত্রের কাহিনি সংক্ষেপ দাখিল করতে হবে; এবং

(ছ) পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের স্থিতিকাল (দৈর্ঘ্য) ন্যূনতম ৭০ (সত্তর) মিনিট এবং স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের স্থিতিকাল (দৈর্ঘ্য) অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) মিনিট পর্যন্ত হতে হবে।

১০. অনুদানপ্রাপ্ত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ শেষে সার্টিফিকেশন সনদ গ্রহণ ও দেশের কমপক্ষে ০৫ (পাঁচ)টি সিনেমা হলে মুক্তি অথবা কমপক্ষে ১০ (দশ)টি বিভিন্ন জেলা তথ্য কমপ্লেক্স/শিল্পকলা একাডেমি/পাবলিক অডিটোরিয়াম/ওটিটি প্ল্যাটফর্মে প্রদর্শন করতে হবে। অনুদানপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ শেষে সার্টিফিকেশন সনদ গ্রহণ করতে হবে। অনুদানে নির্মিত চলচ্চিত্রসমূহ বাংলাদেশ টেলিভিশনের চাহিদা মোতাবেক প্রদর্শনের লক্ষ্যে প্রযোজক সরবরাহ করবেন এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য জমা দিবেন।

১১. কোনো প্রযোজককে সর্বমোট দুবারের বেশি অনুদান প্রদান করা হবে না এবং কোনো প্রযোজক পর পর দুবছর অনুদান পাওয়ার জন্য বিবেচিত হবেন না।

১২. পূর্ণদৈর্ঘ্য অনুদানপ্রাপ্ত প্রথম চলচ্চিত্র মুক্তি না দেওয়া পর্যন্ত এবং স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের সার্টিফিকেশন সনদ গ্রহণ ব্যতীত কোনো প্রযোজক পুনরায় আবেদন করার যোগ্য হবেন না।

১৩. পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য অনুদান প্রাপ্তির লক্ষ্যে গল্প, চিত্রনাট্য এবং চলচ্চিত্র নির্মাণের সার্বিক পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব আগামী ২৯ জানুয়ারি ২০২৬ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের চলচ্চিত্র-২ শাখায় পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পরে কোনো প্রস্তাব/আবেদন গ্রহণ করা হবে না।

১৪. একই ব্যক্তি/প্রতিষ্ঠান যথানিয়মে পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র উভয় ক্যাটাগরিতে সরকারি অনুদানের জন্য আবেদন করতে পারবে। তবে এ ক্ষেত্রে পৃথক পৃথক প্রস্তাব দাখিল করতে হবে।

১৫. অনুদান প্রদানে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে এবং অনুদান প্রদানের পরেও সরকার যে কোনো নতুন শর্তারোপ করতে পারবে।

৫/০১/২০২৬

মোছাঃ শারমিন আখতার
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

## সরকারি চলচ্চিত্র নির্মাণে অনুদান প্রাপ্তির আবেদন ফরম

**ফরম-ক**

বরাবর

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের সরকারি অনুদানে ---------- শিরোনামে পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ প্রসঙ্গে।**

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী ২০২৫-২৬ অর্থবছরের সরকারি অনুদানে -------- শিরোনামে পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য আপনার মর্জি কামনা করছি।

| | | |
|---|---|---|
| ০১. | চলচ্চিত্রের নাম | : |
| ০২. | প্রস্তাবিত গল্প, চিত্রনাট্যের ধরণ লিখুন: (প্রামাণ্যচিত্র/শিশুতোষ/ রাজনৈতিক ইতিহাস তথা আবহমান বাংলার সকল রাজনৈতিক অভ্যুত্থান, আন্দোলন ও বিপ্লব যা এই অঞ্চলের গুরুত্বপূর্ণ রাজনৈতিক পটপরিবর্তনের নিয়ামক/সাংস্কৃতিক ইতিহাস তথা বাংলার ঐতিহ্য, মিথ ও ফোকলোর) | : |
| ০৩. | প্রযোজক/প্রস্তাবকারীর নাম (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) | : |
| ০৪. | প্রযোজক/প্রস্তাবকারীর স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর | স্থায়ী ঠিকানা:----------------------------------------------------------------<br>-------------------------------------------------------------------------<br>বর্তমান ঠিকানা:---------------------------------------------------------------<br>-------------------------------------------------------------------------<br>মোবাইল নম্বর:----------------------------------------------------------------<br>------------------------------------------------------------------------- |
| ০৫. | পরিচালকের নাম (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) | : |
| ০৬. | পরিচালকের স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর | স্থায়ী ঠিকানা:----------------------------------------------------------------<br>-------------------------------------------------------------------------<br>বর্তমান ঠিকানা:---------------------------------------------------------------<br>-------------------------------------------------------------------------<br>মোবাইল নম্বর:----------------------------------------------------------------<br>------------------------------------------------------------------------- |
| ০৭. | কাহিনিকারের নাম (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) | : |
| ০৮. | কাহিনিকারের স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর | স্থায়ী ঠিকানা:----------------------------------------------------------------<br>-------------------------------------------------------------------------<br>বর্তমান ঠিকানা:---------------------------------------------------------------<br>-------------------------------------------------------------------------<br>মোবাইল নম্বর:----------------------------------------------------------------<br>------------------------------------------------------------------------- |
| ০৯. | চিত্রনাট্যকারের নাম (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) | : |
| ১০. | চিত্রনাট্যকারের স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর | স্থায়ী ঠিকানা:----------------------------------------------------------------<br>-------------------------------------------------------------------------<br>বর্তমান ঠিকানা:---------------------------------------------------------------<br>-------------------------------------------------------------------------<br>মোবাইল নম্বর:----------------------------------------------------------------<br>------------------------------------------------------------------------- |

নিবেদক

স্বাক্ষর ও তারিখ: ---------------

নাম: ---------------------------

চলচ্চিত্রের নাম:-----------------

**ফরম-খ**

| ক্র. নং | বিবরণ | টিক চিহ্ন (√) দিন | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | গল্প/কাহিনির ক্ষেত্রে সংশ্লিষ্ট লেখক/সংস্থা /প্রকাশকের লিখিত সম্মতি/অনুমতিপত্র | হ্যাঁ | না | |
| ২. | প্রযোজক/প্রস্তাবকারীর নামসহ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) জীবন বৃত্তান্ত | হ্যাঁ | না | |
| ৩. | প্রযোজক/প্রস্তাবকারী টিআইএন সনদ | হ্যাঁ | না | |
| ৪. | চলচ্চিত্র বিষয়ক প্রতিনিধিত্বকারী সংগঠনের প্রত্যয়নপত্র | হ্যাঁ | না | |
| ৫. | প্রস্তাবিত শিল্পী ও কলাকুশলীদের নাম, ঠিকানা, তাদের শিক্ষাগতযোগ্যতা ও সংশ্লিষ্ট অভিজ্ঞতার বর্ণনা | হ্যাঁ | না | |
| ৬. | নির্মাণ সংস্থার কারিগরি, আর্থিক ও অবকাঠামোগত সক্ষমতার বিবরণ | হ্যাঁ | না | |
| ৭. | আউটডোর শুটিং স্পটের বিবরণ | হ্যাঁ | না | |
| ৮. | পরিচালক কর্তৃক পূর্বে নির্মিত একটি চলচ্চিত্রের নমুনা (যদি থাকে সিডি/পেনড্রাইভ) | হ্যাঁ | না | |
| ৯. | প্রস্তাবিত চলচ্চিত্রের যৌক্তিক বাজেট বিভাজন | হ্যাঁ | না | |
| ১০. | প্রযোজক/পরিচালক ইতোপূর্বে অনুদানপ্রাপ্ত হয়েছেন কিনা? | হ্যাঁ | না | |
| ১১. | ইতোপূর্বে অনুদানপ্রাপ্ত হলে লিখুন: | ১. কতবার অনুদানপ্রাপ্ত হয়েছেন? ---------- বার।<br>২. চলচ্চিত্রের নাম: ----------------<br>৩. অনুদান প্রাপ্তির সাল: --------------------<br>৪. অনুদানের পরিমাণ: -----------------<br>৫. অনুদান প্রাপ্ত চলচ্চিত্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে কিনা? হ্যাঁ/না | | |
| ১২. | অন্যান্য | | | |

[ বিশেষ দ্রষ্টব্য: উক্ত বিবরণীর ক্রমিক নং অনুসারে প্রমাণকসমূহ সংযুক্ত করুন]

**ফরম-গ**

| ক্র. নং | বিবরণ | টিক চিহ্ন (√) দিন | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | স্ক্রীপ্টের একটি মূলকপিসহ মোট ১২ (বারো)সেট | হ্যাঁ | না | |
| ২. | স্ক্রীপ্টের চিত্রনাট্য | হ্যাঁ | না | |
| ৩. | কাহিনী সংক্ষেপ | হ্যাঁ | না | |
| ৪. | লগলাইন | হ্যাঁ | না | |

[ বিশেষ দ্রষ্টব্য: বিবরণীর ক্রমিক নং অনুসারে প্রমাণকসমূহ সংযুক্ত করুন]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০৪১.০২.০০৩.২০. ২১

তারিখঃ ২৪ পৌষ ১৪৩২
০৮ জানুয়ারি ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের সরকারি অনুদানে পূর্ণদৈর্ঘ্য ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রস্তাব আহবান।**

'পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা ২০২৫' ও 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা ২০২৫' এর আলোকে চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের সকল জনগোষ্ঠির আবহমান সংস্কৃতির প্রতিনিধিত্ব করার লক্ষ্যে মানবিক মূল্যবোধ সম্পন্ন, জীবনমুখী, শিল্পমান সমৃদ্ধ ও বহুস্বর বিবৃত করে সরকারি অনুদানে এমন চলচ্চিত্র নির্মাণে প্রযোজক/পরিচালক/প্রযোজনা প্রতিষ্ঠান/চলচ্চিত্র ব্যক্তিত্বগণের নিকট থেকে পূর্ণাঙ্গ প্যাকেজ প্রস্তাব আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে প্রকাশসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১টি বিজ্ঞপ্তি।

৮/০১/২০২৬
(মোছাঃ শারমিন আখতার)
উপসচিব
ফোন- ৫৫১০০৪৬৩
E-mail: flm2@moi.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (বাংলাদেশ টেলিভিশনের স্ক্রলে প্রচারের অনুরোধসহ)।
০২। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (প্রচারের অনুরোধসহ)।
০৩। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
০৪। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।
০৫। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৬। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (সকল জেলা তথ্য অফিসের মাধ্যমে প্রচার ও প্রকাশের অনুরোধসহ)।
০৭। জেলা প্রশাসক (সকল)।
০৮। চেয়ারম্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ/ টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফিক বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
০৯। চেয়ারম্যান, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ/নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
১০। চেয়ারম্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা/ নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
১১। চেয়ারম্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ/ফিল্ম ও টেলিভিশন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।
১২। চেয়ারম্যান, ফিল্ম স্টাডিজ বিভাগ, কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়।
১৩। চেয়ারম্যান,জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি।
১৪। চেয়ারম্যান, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ, ইউনিভার্সিটি অব লিবারাল আর্টস বাংলাদেশ (ইউল্যাব)।
১৫। চেয়ারম্যান, জার্নালিজম, মিডিয়া এন্ড কমিনিউকেশন বিভাগ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।
১৬। চেয়ারম্যান, মিডিয়া এন্ড কমিনিউকেশন বিভাগ, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি।
১৭। চেয়ারম্যান, জার্নালিজম এন্ড মিডিয়া কমিনিউকেশন বিভাগ, গ্রীণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

১৮। চেয়ারম্যান, মিডিয়া এন্ড গণযোগাযোগ বিভাগ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এআইইউ)।

১৯। চেয়ারম্যান, জার্নালিজম, মিডিয়া এন্ড কমিউনিকেশনস বিভাগ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

২০। চেয়ারম্যান, মিডিয়া এন্ড কমিউনিকেশনস বিভাগ, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ।

২১। চেয়ারম্যান, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ, ওয়াল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ।

২২। উপসচিব (তগ-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন বিদেশে অবস্থিত বাংলাদেশী মিশনসমূহে প্রচার ও প্রকাশের অনুরোধসহ)

২৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।